# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

স্মারক নং: ৫৩.২৩.০০০০.০৩৩.৪৩.০০১.২০২১ তারিখ: ০৫ ডিসেম্বর ২০২২

**বিষয় : ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ সম্পর্কিত মতবিনিময় সভার নোটিশ**

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ সম্পর্কিত একটি মতবিনিময় সভা আগামী ০৮ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ড. তৌফিক হাসান, মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) এর সভাপতিত্বে কক্ষ নং ৮০২ এ অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি:

| | |
|---|---|
| আলোচ্যসূচি-০১ | ২০২২-২৩ সালের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা |
| আলোচ্যসূচি-০২ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ **সম্পর্কিত উপস্থাপনা প্রদান** |
| আলোচ্যসূচি-০৩ | বিবিধ |

ইনোভেশন টিমের সকল সদস্যকে যথাসময়ে সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

05/12/22

**(কামরুন্নাহার)**
ব্যবস্থাপক
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম

**অনুলিপি:** (সদয় জ্ঞাতার্থে)
১. ড. তাপস কুমার বিশ্বাস, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪

**বিতরণ:**
১। ড. তৌফিক হাসান, মহাব্যবস্থাপক (গবেষণা), ইনোভেশন অফিসার
২। জনাব মোঃ হুমায়ূন কবির, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম), সদস্য
৩। জনাব আবুল কালাম আজাদ, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম), সদস্য
৪। জনাব মোঃ তারিকুল আলম, সহকারী মহাব্যবস্থাপক (আইএন্ডটি), সদস্য
৫। জনাব মোঃ নাজমুল হাসান, উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি), সদস্য
৬। সংশ্লিষ্ট নথি।

## ২০২২-২৩ অর্থ বছরের চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ সম্পর্কিত মতবিনিময় সভার কার্যবিবরণী

১.০ বিগত ০৮ ডিসেম্বর ২০২২তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পিকেএসএফ-এর মহাব্যবস্থাপক ড. তৌফিক হাসান-এর সভাপতিত্বে ৮০২ নং সভাকক্ষে **চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ সম্পর্কিত পিকেএসএফ-এর উপযোগী প্রকল্প/উদ্যোগ গ্রহণের সম্ভাব্য ক্ষেত্র ও সংশ্লিষ্ট প্রযুক্তি ব্যবহারে অগ্রগতির অবস্থা বিষয়ক একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।** সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১ এ দেয়া হলো। সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি **চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ সম্পর্কিত পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্প/উদ্যোগ গ্রহণের সম্ভাব্য ক্ষেত্র ও সংশ্লিষ্ট প্রযুক্তি ব্যবহারে** কি কি বিষয় বিবেচনায় রাখা যেতে পারে সে সকল বিবেচ্য বিষয়ের উপর জনাব নাজমুল হাসান, উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি) কে একটি সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করতে বলেন। উপস্থাপনায় যে সকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয় তা নিম্নে প্রদান করা হলো:

২.০ জনাব নাজমুল বলেন, চতুর্থ শিল্প বিল্পব হচ্ছে "ডিজিটাল রেভুল্যুশন" যা বুদ্ধিদীপ্ত Informative সমাজ গঠনের দিকে নিয়ে যাচ্ছে। চতুর্থ শিল্প বিপ্লবের নিয়ামকরূপে কাজ করছে কৃত্তিম বুদ্ধিমত্তা, দক্ষতা এবং সর্বোপরি ডিজিটাল, ফিজিক্যাল ও বায়োলজিক্যাল সিস্টেমের এক সমন্বয়। এই সমন্বয়ের উপকরণসমূহ হচ্ছে: Internet of Things, Cloud Computing, Big Data, Artificial Intelligence, এবং Mobile Apps। তিনি Internet of things এবং Big data সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। তিনি বলেন পিকেএসএফ ইত:পূর্বে নিজস্ব ও সহযোগী সংস্থা পর্যায়ে ঋণ কার্যক্রমসহ যাবতীয় কার্যক্রম সংশ্লিষ্ট সেবাসমূহ প্রদানের প্রস্তুতি, সেবা প্রদান, সেবা প্রদান পরবর্তী মূল্যায়নের কাজ ম্যানুয়ালি করা হতো। উল্লিখিত কাজের একটি বৃহৎ অংশ এখন বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইস (যা কিনা সম্পূর্ণ ইন্টারনেট নির্ভর) এর মাধ্যমে সম্পন্ন করা হয়। বর্তমানে বিপুল সংখ্যক জনগোষ্টির নিকট ঋণসেবা, স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, বাসস্থান এবং অবকাঠামো নির্মাণ ইত্যাদ সেবা প্রদানে ইন্টারনেট নির্ভর বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার হয়ে আসছে। মাঠ পর্যায়ে ঋণ আদায়ে ট্যাব এর ব্যবহার, স্বাস্থ্য সেবা প্রদানে রোগীদের ব্যক্তিগত স্বাস্থ্য বিষয়ক তথ্য সংরক্ষণ ও তা বিশ্লেষণপূর্বক প্রেসক্রিপসন করা, স্যানিটেশন ঋণ কার্যক্রমের আওতায় নির্মিত স্বাস্থ্য সম্মত টয়লেট 'জিপিএস' এর মাধ্যমে নিশ্চিত হওয়া, ফিস ফাইন্ডিং ডিভাইসের মাধ্যমে পানির অক্সিজেন ও পিএইচ এর মাত্রা ইত্যাদি পরিমাপের জন্য ব্যবহার হয়ে আসছে।

৩.০ পিকেএসএফ বর্তমানে ১৩ মিলিয়ন উন্নয়ন অংশিদার তথা পরিবারের সাথে কাজ করছে। এই বিপুল পরিমাণ স্বল্প আয়ের জনগোষ্ঠির গড়ে ৭০-৭৫% ঋণী অব্যাহত থাকে। এছাড়া গড়ে ৯০% সদস্য প্রতিদিন সঞ্চয় জমা করে থাকে। এছাড়া একটি উল্লেখযোগ্য সংখ্যক সদস্য নতুন করে ঋণ গ্রহন করে থাকে। এই বিপুল সংখ্যক সদস্য বিভিন্ন পেশায় নিয়োজিত রয়েছে এবং তারা দেশের বিভিন্ন ভৌগলিক অবস্থানে অবস্থান করছে। জাতি, ধর্ম, পেশা এবং সংশ্লিষ্ট ভৌগলিক এলাকার ভিন্নতার আলোকে তাদের মধ্যে নানান বৈচিত্রতা রয়েছে। মাইক্রোফাইনান্স প্রতিষ্ঠান

# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

সমূহ হতে তারা ঋণ গ্রহণ ও পরিশোধ, সঞ্চয় জমা ও ফেরত, শিক্ষা ও স্বাস্থ্য , সামাজিক সচেতনতা ইত্যাদি বিভিন্ন বিষয়ে সেবা গ্রহণ করে থাকে ফলে প্রতিনিয়ত বিপুল বৈচিত্রতার আলোকে বিপুল সংখ্যক তথ্যের সৃষ্টি হয়ে আসছে।

এই বিপুল সংখ্যক জনগোষ্ঠির তথ্য পূর্বে ম্যানুয়ালি লিপিবদ্ধ করা হলেও বর্তমানে সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে সমন্বিত করা হয়। সফট্ওয়্যারে লিপিবদ্ধকৃত এই সকল সদস্যের তথ্য এখনও 'ন্যাশনাল আইডেনটিটি কার্ড, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, সদস্যদের সম্পদ ম্যাপিং এর সাথে সংযুক্ত নয়। 'ন্যাশনাল আইডেনটিটি কার্ড, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, সদস্যদের সম্পদ ম্যাপিং প্রস্তুত পূর্বক সফট্ওয়্যাররের সাথে সংযুক্ত করা গেলে সদস্যদের কর্তৃক ঋণ গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাই, গৃহীত ঋণ পরিশোধের ক্ষেত্রে চলমান আইজিএ, সদস্যের পেশা, কৃষি নির্ভরতা ইত্যাদি কোন ভুমিকা রাখে কিনা, ঋণ পরিশোধ ও গ্রহণে কোন মৌসূমী প্রভাব রয়েছে কিনা তা **'বিগ ডাটা এনালাইসিস'** এর মাধ্যমে জানার সুযোগ তৈরী হবে।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

6/12/22

**(ড. তৌফিক হাসান)**
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)

**অনুলিপি:**

১. সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ
২. পিএ টু ডিএমডি-৪
৩. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৪. সংশ্লিষ্ট নথি।

পরিশিষ্ট: ক

## পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ড. তৌফিক হাসান | উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | 08/12/22 |
| ২ | জনাব মোঃ হুমায়ূন কবির | উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) | 08/12/22 |
| ৩ | জনাব আবুল কালাম আজাদ | সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) | 08/12/22 |
| ৪ | জনাব মোঃ তারিকুল আলম | সহকারী মহাব্যবস্থাপক (আইএন্ডটি) | 08/12/22 |
| ৫ | জনাব কামরুন্নাহার | ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | 08/12/22 |
| ৬ | জনাব মোঃ নাজমুল হাসান | উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি) | 08/12/22 |